বনানীতে পুলিশ বক্সে পেট্রোলবোমা, পল্লবীতে বাসে আগুন



ছবি: সংগৃহীত

রাজধানীর বনানীতে পুলিশ বক্স লক্ষ্য করে পেট্রোলবোমা ছুড়েছে দুর্বৃত্তরা। মঙ্গলবার (১৭ নভেম্বর) রাত ৮টার দিকে ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে এ ঘটনা ঘটে।

এর কিছুক্ষণ পর রাত পৌনে ৯টার দিকে পল্লবীর সিরামিকস রোডে দাঁড়িয়ে থাকা একটি যাত্রীবাহী বাসে আগুন দেওয়া হয়। 'মিরপুর সুপার লিংক' পরিবহনের বাসটি আগুনে পুড়ে যায়।

এ ঘটনায় সন্দেহভাজন একজনকে আটক করেছে পল্লবী থানা পুলিশ। বিষয়টি নিশ্চিত করেছেন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জালাল উদ্দিন।

LENS ASIA